দৈনিক ইনকিলাব

তারিখ ... JUL. 1 3 1999
পৃষ্ঠা 2 কলাম 6

69

# ১২ দফা দাবীতে বিভাগীয় কমিশনারদের কাছে ছাত্র দলের স্মারকলিপি পেশ

**স্টাফ রিপোর্টার ঃ** ছাত্র সমাজের ১২ দফা দাবী আদায়ের লক্ষ্যে জাতীয়তাবাদী ছাত্র দল গতকাল (সোমবার) বিভাগীয় কমিশনারদের কাছে স্মারকলিপি পেশ করেছে। স্মারকলিপিতে ছাত্র বেতন, বই-খাতা-কলমসহ শিক্ষা উপকরণের মূল্য কমানো, কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি, একবিংশ শতাব্দীর উপযোগী শিক্ষানীতি প্রণয়ন, আওয়ামী দুঃশাসনে সংঘটিত সকল হত্যাকাণ্ডের বিচার, পঙ্গু আহতদের ক্ষতিপূরণ দান, কারারুদ্ধ নেতা-কর্মীদের মুক্তিদান ও মিথ্যা মামলা প্রত্যাহারের দাবী জানানো হয়। ঢাকায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের মধুর ক্যান্টিন থেকে ছাত্র দলের একটি মিছিল বিভাগীয় কমিশনার কার্যালয়ে যাবার পথে দোয়েল চত্বরে পুলিশ মিছিলের গতিরোধ করে। সেখানে সমাবেশ অনুষ্ঠিত হয়। পরে ছাত্র দল সহ-সভাপতি মোতাহের হোসেন তালুকদার, মনির হোসেন, রেহানা আক্তার রানুর নেতৃত্বে একটি প্রতিনিধি দল বিভাগীয় কমিশনার কার্যালয়ে গিয়ে স্মারকলিপি পেশ করে। ছাত্র দলের সিনিয়র সহ-সভাপতি মঞ্জুর এলাহীর নেতৃত্বে একটি প্রতিনিধি দল সিলেটে বিক্ষোভ মিছিল শেষে স্মারকলিপি পেশ করে। সহ-সভাপতি মনোয়ার হোসেন রানার নেতৃত্বে চট্টগ্রামে, সাংগঠনিক সম্পাদক এ বি এম মোশাররফ হোসেনের নেতৃত্বে রাজশাহীতে এবং সহ-সভাপতি আজিজুল বারী হেলালের নেতৃত্বে খুলনায় স্মারকলিপি পেশ করা হয়।

এদিকে আওয়ামী লীগ কর্তৃক পুলিশ হত্যার প্রতিবাদ ও বিএনপি-ছাত্র দল নেতাদের মিথ্যা মামলা প্রত্যাহারের দাবীতে আগামীকাল (বুধবার) বিকেল ৪টায় রাজধানীর মুক্তাঙ্গনে বিক্ষোভ সমাবেশ ও মিছিল অনুষ্ঠিত হবে।